খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০১ ও ০৩)

স্মারক নং-খুবি/প্রশা-৬২/৯১- ৮৬৫
স্মারক নং: খুবি/প্রশা-৫-নি-১৯/৯১-

তারিখ: ১৬.০৬.২০২৫খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত অধ্যাপক ও কর্মকর্তার শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | জাতীয় বেতন স্কেল'২০১৫ | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|
| ১. | অধ্যাপক, পরিসংখ্যান ডিসিপ্লিন (গ্রেড-০৩) | (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০১ (এক) টি |
| ২. | অধ্যাপক, ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন (গ্রেড-০৩) | (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০১ (এক) টি |
| ৩. | অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিন (গ্রেড-০৩) | (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০১ (এক) টি |
| ৪. | অধ্যাপক, মানবসম্পদ ব্যবস্থাপনা ডিসিপ্লিন (গ্রেড-০৩) | (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০২ (দুই) টি |
| ৫. | অধ্যাপক, ডেভেলপমেন্ট স্টাডিজ ডিসিপ্লিন (গ্রেড-০৩) | (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০২ (দুই) টি |
| ৬. | মেডিকেল অফিসার (চক্ষু) (গ্রেড-০৯) | (২২,০০০-৫৩,০৬০/-) | ০১ (এক) টি |
| ৭. | সাইকোলজিস্ট (গ্রেড-০৯) | (২২,০০০-৫৩,০৬০/-) | ০১ (এক) টি |

**নিয়মাবলী :**

১) আবেদন অনলাইন (Online) এ করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত; প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর ১৭-০৬-২০২৫ থেকে ০২-০৭-২০২৫ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি হার্ডকপি প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ৬০০/- (ছয়শত) টাকা অনলাইন (Online) এ পেমেন্ট করে যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে জমাকৃত স্লিপ সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) এ আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http:/www.ku.ac.bd/career) পাওয়া যাবে।

২) **খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।**

৩) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৪) **প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-**

- ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)
- খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি
- গ) সকল মার্কসিট/ ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি
- ঘ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি

৫) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৬) আবেদনপত্র আগামী ১৭-০৬-২০২৫ থেকে ০২-০৭-২০২৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইন (Online)-এ অথবা অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌঁছাতে হবে।

৭) মেডিকেল অফিসার পদে গত ২৯-০৪-২০২৪ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৮) কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থদন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হয় তবে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। **খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থী কোনো ধরণের শাস্তিপ্রাপ্ত কিনা তা একটি কলামে সংযোজন করতে হবে।**

৯) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০) প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১১) নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬/০৬/২৫

**(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
E-mail: registrar@ku.ac.bd